উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-৪০

তারিখ- ০১/০৮/২০২২ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত গত ২০/০২/২০০৭ ইং তারিখের ১৭৫১ নং আম-মোক্তারনামা দলিল জাল, ফেরবী, বে-আইনী ও অকার্যকর মর্মে ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় ১-১৩ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-১৩ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২৪/০৪/২০১৯ ইং তারিখের ২৩ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে **মাফুজা খাতুন P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। আর এস- ৬৫৩, ১৭৭১, ১৩৭৬, ১৮৮৬ নং খতিয়ান এবং বি এস ৯৯৮, ২০৮৪, ৩৯১, ২১৩৫ নং খতিয়ান এর জাবেদা নকল প্রদর্শনী- ১ সিরিজ ।

২। ২৬/০৭/১৯৫২ ইং তারিখের ৫২৬৭ নং পাট্টা দলিলের জাবেদা কপি প্রদ-২

৩। ২০/০৩/১৯৬২ ইং তারিখের ১৪১৯ নং বিক্রয় দলিলের কপি প্রদর্শনী- ৩

৪। ০১/০২/১৯৬৯ ইং তারিখের ৬৯১ নং কবলার কপি প্রদ- ৪

৫। ২৬/০৭/১৯৫৫ ইং তারিখের ৪৪১৯ নং কবলার মূল কপি প্রদ-৫

৬। ২০/০২/২০০৭ ইং তারিখের ১৭৫১ নং সাধারণ আম-মোক্তার নামা দলিল প্রদ-৬

**মাফুজা খাতুন P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১ -৬) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-১৩ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এতদ্বারা নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীগনের মৌরশীসূত্রে উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট বাদীগণ দাতা নামীয় ১ নং বিবাদী গ্রহীতা বরাবরে সম্পাদিত ২০/০২/২০০৭ ইং তারিখের ১৭৫১ নং আম-মোক্তারনামা দলিল জাল, ফেরবী, বে-আইনী ও অকার্যকর দলিল মর্মে ঘোষনা করা হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় নোট প্রদানের নিমিত্তে  জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম এবং সাব-রেজিস্ট্রার, সদর সাব-রেজিষ্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম